ততদিন কিয়ামত সংঘটিত হবে না, যতক্ষণ না তোমরা এমন তুর্ক জাতির বিরুদ্ধে যুদ্ধ করবে, যাদের চোখ ছোট, চেহারা লাল, নাক চেপ্টা এবং মুখমণ্ডল পেটানো চামড়ার ঢালের ন্যায়। আর ততদিন কিয়ামত সংঘটিত হবে না, যতদিন না তোমরা এমন এক জাতির বিরুদ্ধে যুদ্ধ করবে, যাদের জুতা হবে পশমের।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন, “ততদিন কিয়ামত সংঘটিত হবে না, যতক্ষণ না তোমরা এমন তুর্ক জাতির বিরুদ্ধে যুদ্ধ করবে, যাদের চোখ ছোট, চেহারা লাল, নাক চেপ্টা এবং মুখমণ্ডল পেটানো চামড়ার ঢালের ন্যায়। আর ততদিন কিয়ামত সংঘটিত হবে না, যতদিন না তোমরা এমন এক জাতির বিরুদ্ধে যুদ্ধ করবে, যাদের জুতা হবে পশমের।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

ততক্ষণ কিয়ামত সংঘটিত হবে না, যতক্ষণ না মুসলিমগণ তুর্ক জাতির বিরুদ্ধে যুদ্ধ করবে, যাদের শারীরিক গঠন হলো, তাদের চোখ ছোট, তাদের শরীরে অতিরিক্ত শীতলতার কারণে তাদের চেহারা লাল, তাদের নাক ছোট চেপ্টা এবং চওড়া ও গোলাকার হিসেবে তাদের মুখমণ্ডল হবে ঢালের ন্যায়। আর অধিক শক্ত ও গোস্তের কারণে তাদের চেহারা হবে হাতুড়ির মত। আর ততদিন কিয়ামত সংঘটিত হবে না, যতদিন না মুসলিমগণ এমন এক জাতির বিরুদ্ধে যুদ্ধ করবে, যারা পশমের জুতা পরিধান করে চলাফেরা করে। তারাও তুর্কি জাতি। তবে তাদেরকে অন্য গুণে উল্লেখ করা হয়েছে।

https://sunnah.global/hadeeth/bn/show/11222